রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারী ২৬, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ই ফাল্গুন ১৪০৩ বাং/২৫শে ফেব্রুয়ারী ১৯৯৭ ইং

এস. আর. ও নং ৫০-আইন/৯৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, এবং এতদসংক্রান্ত প্রচলিত বিধিমালা বাতিলক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা এনার্জি মনিটরিং এণ্ড কনজারভেশন সেন্টার (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "কর্মকর্তা" অর্থ সেন্টারের কোন কর্মকর্তা;

(গ) "কর্মচারী" অর্থ সেন্টারের স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারী, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;



মূল্য : টাকা ৪.০০

(ঘ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগতযোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সেন্টার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এর সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(চ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদ অথবা পদ শ্রেণীর নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ছ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(জ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতা;

(ঝ) "বাছাই কমিটি" অর্থ কোন পদে নিয়োগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে এই বিধিমালার অধীন গঠিত কোন বাছাই কমিটি;

(ঞ) "শিক্ষানবিস" অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারী;

(ট) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সেন্টার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে, বা

(খ) পদোন্নতির মাধ্যমে; বা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তফসিল

[বিধি ২(ছ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা এবং অভিজ্ঞতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক | | সিনিয়র ম্যানেজার (শিল্প) এবং সিনিয়র ম্যানেজার (পাওয়ার) পদ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>পদোন্নতি যোগ্য বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি, এস, সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/কেমিক্যাল) ডিগ্রী।<br>(খ) শিল্প কারখানার প্রসেস ও বিদ্যুৎ কেন্দ্র বা জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে জ্বালানী সংরক্ষণ ও ব্যবস্থাপনা (অপারেশন ও মেইনটেন্যান্সসহ) ক্ষেত্রে অন্যূন ২০ (বিশ বৎসরের অভিজ্ঞতা।<br>(গ) এনার্জি কনজারভেশন সংক্রান্ত গবেষণামূলক বিষয়ে পি, এইচ, ডি/এম, এস/এম, এস সি ডিগ্রীধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা যথাক্রমে ৩ (তিন)/২(দুই) বৎসরের জন্য শিথিলযোগ্য।<br>(ঘ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২ | সিনিয়র ম্যানেজার (শিল্প)/সিনিয়র ম্যানেজার (পাওয়ার) | অনূর্ধ্ব ৪৭ বৎসর | এনার্জি অডিটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে; | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি, এস, সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/কেমিক্যাল) ডিগ্রী। |
| | | | পদোন্নতির যোগ্য বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | (খ) শিল্প কারখানার প্রসেস ও বিদ্যুৎ-কেন্দ্র বা অধিক মাত্রার জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে জ্বালানী সংরক্ষণ ও ব্যবস্থাপনা (অপারেশন ও মেইনটেন্যান্সসহ) ক্ষেত্রে অন্যূন ১৫ (পনর) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | | (গ) এনার্জি কনজারভেশন সংক্রান্ত গবেষণামূলক বিষয়ে পি, এইচ, ডি/এম, এস/এম, এস, সি ডিগ্রীধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা যথাক্রমে ৩(তিন)/২(দুই) বৎসরের জন্য শিথিলযোগ্য। |
| | | | | (ঘ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩ | এনার্জি অডিটর | অনূর্ধ্ব ৪২ বৎসর | শতকরা ২০ ভাগ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং শতকরা ৮০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে; | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | পদোন্নতির যোগ্য বা সরাসরি নিয়োগের | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি, এস, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/কেমিক্যাল) ডিগ্রী।<br>(খ) শিল্প কারখানার প্রসেস ও বিদ্যুৎ কেন্দ্র বা জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে জ্বালানী সংরক্ষণ ও ব্যবস্থাপনা (অপারেশন ও মেইনটেন্যান্সসহ) ক্ষেত্রে অন্যূন ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা।<br>(গ) এনার্জি কনজারভেশন সংক্রান্ত গবেষণামূলক বিষয়ে পি, এইচ, ডি/এম, এস/এম, এস, সি ডিগ্রীধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা যথাক্রমে ৩ (তিন)/২ (দুই) বৎসরের জন্য শিথিলযোগ্য।<br>(ঘ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪ | সিনিয়র ইকনমিষ্ট | অনূর্ধ ৪০ বৎসর | ডাটা এনালিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ;<br>পদোন্নতির যোগ্য বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে ; | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ;<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/জ্বালানী অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর এম, এস, সি/এম, এ/এম, এস, এস ডিগ্রী।<br>(খ) প্রকল্পে আর্থিক বিনিয়োগ এর মূল্যায়ন ও জ্বালানী নিরীক্ষা বিষয়ে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার। | অনূর্ধ ৩৫ বৎসর | মেইনটেন্যান্স এণ্ড অপারেশন সুপারভাইজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর বি,এস,সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিকেল/মেকানিক্যাল/কেমিক্যাল) ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।<br>(খ) শিল্প কারখানার প্রসেস ও বিদ্যুৎ কেন্দ্র বা জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে জ্বালানী সংরক্ষণ ও ব্যবস্থাপনা (অপারেশন ও মেইনটেন্যান্সসহ) ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬ | মেইনটেন্যান্স এণ্ড অপারেশন সুপারভাইজার। | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি, এস,সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/কেমিক্যাল) ডিগ্রী।<br>(খ) শিল্প কারখানার প্রসেস ও বিদ্যুৎ কেন্দ্র বা জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে জ্বালানী সংরক্ষণ ও ব্যবস্থাপনা (অপারেশন ও মেইনটেন্যান্সসহ) ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | ডাটা এনালিষ্ট | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি, এস, সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল / মেকানিক্যাল/ কেমিক্যাল) (সিভিল) ডিগ্রী অথবা পরিসংখ্যান/ অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী-দের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮ | সহকারী পরিচালক (লাইব্রেরী) | অনূর্ধ ৩০ বৎসর | লাইব্রেরীয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সাইন্সে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী-দের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯ | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) | অনূর্ধ ৩০ বৎসর | হিসাবরক্ষক/উচ্চমান সহকারী/সাঁটলিপি-কার পদ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | হিসাব রক্ষক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। হিসাব ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১ | লাইব্রেরীয়ান | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ১২ | সাঁট-লিপিকার/ ব্যক্তিগত সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যাণ্ডে ৫০ এবং ইংরেজী টাইপে ৩০ ও শর্টহ্যাণ্ডে ৮০ শব্দের গতি। |
| ১৩ | সাঁট-মুদ্রাক্ষরিক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যাণ্ডে ৫০ এবং ইংরেজী টাইপে ৩০ ও শর্টহ্যাণ্ডে ৮০ শব্দের গতি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উচ্চমান সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | নিম্নমান-সহকারী কাম মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ১৫ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২০ এবং ইংরেজী টাইপে ৩০ শব্দের গতি। |
| ১৬ | গাড়ী চালক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতাসম্পন্ন। |
| ১৭ | ডেসপাস রাইডার | অনূর্ধ ৩০ বৎসর | এম এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>অষ্টম শ্রেণী পাস এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল ও সাইকেল চালনায় অভিজ্ঞতা সম্পন্ন। |
| ১৮ | এম, এল, এস, এস | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |
| ১৯ | গার্ড | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। স্বাস্থ্যবান ও শারীরিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০ | সুইপার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণী পাস।<br>(খ) পেশাগত সুইপার শ্রেণীর প্রার্থী অগ্রাধিকার পাইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ এম. এ. সামাদ
সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আনোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।